দৈনিক
জনকণ্ঠ

তারিখ ... 6 AUG 2017 ...
পৃষ্ঠা ...১... কলাম ...২...

# শিক্ষার্থীদের অধিকাংশ দাবিই মেনে নিল ব্র্যাক ভার্সিটি কর্তৃপক্ষ

● রেজিস্ট্রার শাহুল আফজালকে দীর্ঘ মেয়াদে ছুটি ● দুই সহকারী রেজিস্ট্রারের পদত্যাগ

স্টাফ রিপোর্টার ॥ শিক্ষার্থীদের আন্দোলনের মুখে অবশেষে অধিকাংশ দাবিই মেনে নিয়েছে ব্র্যাক ইউনিভার্সিটি কর্তৃপক্ষ। শিক্ষকের ওপর হামলার নির্দেশদাতা হিসেবে অভিযুক্ত ইউনিভার্সিটির রেজিস্ট্রার মোঃ শাহুল আফজালকে দীর্ঘ মেয়াদে ছুটিতে পাঠানো হয়েছে। এছাড়া শিক্ষককে লাঞ্ছনার ঘটনায় অপর দুই অভিযুক্ত সহকারী রেজিস্ট্রার মোঃ মাহিউদ্দিন ও জ্যেষ্ঠ কর্মকর্তা জাভেদ রাসেল পদত্যাগ করেছেন। ঘটনায় শিকার শিক্ষক ফারহান উদ্দিন আহমেদেরও অব্যাহতি পত্রও প্রত্যাহার করা হয়েছে। নিরাপত্তাকর্মীদের হাতে ছাত্রীর লাঞ্ছিত হওয়ার অভিযোগ আমলে নিয়ে তদন্তও শুরু করেছে তদন্ত কমিটি।

চুক্তিতে থাকা আইন বিভাগের শিক্ষক ফারহান উদ্দিন আহমেদের ওপর হামলা ও তাকে চাকরিচ্যুতির নোটিসের জের ধরে

*(৪ পৃষ্ঠা ৭ কঃ দেখুন)*

## শিক্ষার্থীদের অধিকাংশ

(প্রথম পৃষ্ঠার পর)

ব্র্যাক ইউনিভার্সিটির শিক্ষার্থীদের আন্দোলনের এক সপ্তাহের মাথায় শনিবার সন্ধ্যায় এসব সিদ্ধান্ত নিয়েছে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ। বিকেলে ব্র্যাক বিশ্ববিদ্যালয় সংবাদ বিজ্ঞপ্তি দিয়ে এসব সিদ্ধান্ত জানিয়েছে। পূর্বঘোষিত সূচী অনুযায়ী আজ থেকে বিশ্ববিদ্যালয়ের সব ক্লাস ও পরীক্ষা অনুষ্ঠিত হবে। ঘোষণার পর শিক্ষার্থীরাও আন্দোলন প্রত্যাহারের ঘোষণা দিয়েছেন। তবে দাবি অনুসারে রেজিস্ট্রারকে চাকরিচ্যুত না করে ছুটিতে পাঠানোয় শিক্ষার্থীদের একটি অংশ আপত্তি তুলেছে। যদিও অধিকাংশ দাবি পূরণ ও কিছু বিষয়ে কর্তৃপক্ষ কাজ শুরু করায় আজ থেকে সকলেই ক্লাসে ফিরবেন বলে বলছেন শিক্ষক-শিক্ষার্থীরা। যাদের মাঝে এখনও অসন্তোষ আছে তারাও ক্যাম্পাসে ফিরবেন বলেই আশা করছেন বাকি শিক্ষার্থীরা। আন্দোলনকারীদের অন্যতম ফারহান রাতে জানিয়েছেন, তারা রবিবার থেকে ক্লাসে যাবেন, পরীক্ষায়ও বসবেন। তবে আমাদের বাকি দাবির বিষয়ে আমাদের চাপ অব্যাহত থাকবে।

শিক্ষার্থী এমনকি শিক্ষকদের পক্ষ থেকেও কদিন ধরে বলা হচ্ছিল, দাবির বিষয়টি আমলে নিলে দ্রুত সমস্যার সমাধান হবে। শিক্ষকদের পক্ষ থেকে কর্তৃপক্ষকে বিভিন্ন পরামর্শ দেয়া হলেও কর্তৃপক্ষ অভিযুক্ত কর্মকর্তাদের রক্ষা করতে উল্টো শিক্ষার্থীদের ওপর চড়াও হলে সংকট জটিল আকার ধারণ করে। তবে শেষ পর্যন্ত শনিবার অধিকাংশ দাবিই মেনে নিলে সমস্যার সমাধান হয়।

শিক্ষার্থীরা আগেই ঘোষণা দিয়েছিলেন, রেজিস্ট্রার শাহুল আফজালের অধীনে তারা কোন ক্লাস-পরীক্ষায় অংশ নেবেন না। এছাড়া শিক্ষক ফারহান উদ্দিন আহমেদকে চাকরিতে পুনর্বহাল ও তাঁকে 'লাঞ্ছিতকারী' হিসেবে অভিযুক্ত কর্মকর্তাদের চাকরিচ্যুতি, শিক্ষার্থীদের ওপর হামলার বিচার করতে হবে।

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং............................
তারিখ............................

| | |
|---|---|
| চীফ, পরিসংখ্যান বিভাগ | |
| চীফ, ডি.এল.পি বিভাগ | |
| সিস্টেম এনালিষ্ট | |
| সিস্টেম ম্যানেজার | |
| প্রশাসনিক কর্মকর্তা | |
| পি.এ. | |

কার্যার্থে/অবগতার্থে
স্বাক্ষর